

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mor.gov.bd

বিষয়: রেলপথ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মো: হুমায়ুন কবীর
সচিব, রেলপথ মন্ত্রণালয়
তারিখ : ১৮ জানুয়ারি ২০২৪
সময় : সকাল ১০.৩০ ঘটিকা
সভার স্থান : রেলপথ মন্ত্রণালয়ের সভা কক্ষ (কক্ষ নং-৮২৫)

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, মন্ত্রণালয়ের কার্যক্রম গতিশীল রাখা, গুরুত্বপূর্ণ বিষয়ে দ্রুত সিদ্ধান্ত গ্রহণ, দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভা খুবই কার্যকর ভূমিকা পালন করে। এখন থেকে প্রতিমাসে নিয়মিত এ সভা আয়োজনের জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।


২. সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-২) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোনো সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর আজকের সভার আলোচ্যসূচি উপস্থাপন করা হয়।

৩. সভার বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ:

ক্র:	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	অভ্যন্তরীণ সমন্বয় সভা	অভ্যন্তরীণ সমন্বয় সভা নিয়মিতভাবে প্রতিমাসের শেষ রবিবার সকাল ১০.০০ টায় অনুষ্ঠিত হবে। কোন কারণে নির্ধারিত দিনে সভা করা সম্ভব না হলে তা নোটিশের মাধ্যমে সকলকে জানিয়ে দেয়া হবে।	১. যুগ্মসচিব (প্রশাসন) ২. উপসচিব (প্রশাসন-২)
৩.২	অনিষ্পন্ন বিষয় নিষ্পত্তি	বাংলাদেশ রেলওয়ের নিকট অনিষ্পন্ন পত্র নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট উইং প্রধানগণ শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন। কোনো তাগিদপত্র প্রেরণের প্রয়োজন নেই।	উইং প্রধান (সকল)
৩.৩	শাখা পরিদর্শন	সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী কর্মকর্তাগণ নিয়মিতভাবে শাখার কার্যক্রম পরিদর্শন করবেন। শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা ১৫ দিন পরপর প্রশাসনিক কর্মকর্তা এবং অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটরদের নিয়ে শাখার কর্মকর্তা পর্যালোচনা করে শাখার কার্যক্রমের গতিশীলতা নিশ্চিত করবেন।	১. অতিরিক্ত সচিব (সকল) ২. যুগ্মসচিব (সকল) ৩. উপসচিব (সকল) ৪. সিনিয়র সহকারী সচিব (সকল) ৫. সহকারী সচিব (সকল)

৩.৪	ফেসবুক ও ওয়েবসাইটে তথ্য প্রদান	ওয়েবসাইট ও ফেসবুকে তথ্য প্রচারের সময় সতর্কতা অবলম্বন করতে হবে। মন্ত্রণালয়ের সকল কার্যক্রমের তথ্য ওয়েবসাইট ও ফেসবুকে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ফেসবুক পেজে কোন অভিযোগ পাওয়া গেলে তার গুরুত্ব বিবেচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১. যুগ্মসচিব (অডিট ও আইসিটি) ২. সিনিয়র সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার/সিনিয়র তথ্য অফিসার
৩.৫	অভ্যন্তরীণ প্রশিক্ষণ	মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন বিষয়ে চলমান প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন)/ উপসচিব (প্রশাসন-২)
৩.৬	অডিট আপত্তি	নিয়মিত ত্রিপক্ষীয় সভার মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	যুগ্মসচিব (অডিট ও আইসিটি)
৩.৭	বাংলাদেশ রেলওয়ের ভূমি সংক্রান্ত পদগুলোতে লোক নিয়োগ	বাংলাদেশ রেলওয়ের ভূমি সংক্রান্ত পদগুলোর শূন্যপদে দ্রুত লোক নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে।	যুগ্মসচিব, (প্রশাসন-২)
৩.৮	বাংলাদেশ রেলওয়ের ভূমি সংক্রান্ত কার্যক্রমের অফিসগুলো নির্মাণ/পুনঃনির্মাণ/আধুনিকায়ন	বাংলাদেশ রেলওয়ের ভূমি সংক্রান্ত কার্যক্রমের সঙ্গে যুক্ত অফিসগুলোর নির্মাণ/পুনঃনির্মাণ/আধুনিকায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	যুগ্মসচিব (আইন ও ভূমি)/ উপসচিব (ভূমি)
৩.৯	বাংলাদেশ রেলওয়ের ভূমি ব্যবস্থাপনা	বাংলাদেশ রেলওয়েতে বিদ্যমান ভূমি সংক্রান্ত বিভিন্ন সমস্যা দ্রুত সমাধানের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে। মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে নিয়মিত বৈঠক করে সুষ্ঠু ভূমি ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে।	যুগ্মসচিব (আইন ও ভূমি)/ উপসচিব (ভূমি)
৩.১০	মোবাইল কোর্ট পরিচালনা	মোবাইল কোর্ট পরিচালনার পূর্বে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এবং পেশকারদের প্রশিক্ষণ প্রদান করতে হবে। নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে।	১. যুগ্মসচিব, (প্রশাসন)/ প্রশাসন-২ ২. উপসচিব (প্রশাসন-৬) ৩. বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল)

৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


24/07/2028

(ড. মো: হুমায়ুন কবীর)

সচিব

রেলপথ মন্ত্রণালয়